Q.B. Sl. No. : 1005000

# MODERN COMPUTER APPLICATION

| QUESTION BOOKLET SERIES | | SUBJECT CODE NO. |
|---|---|---|
| **A** | **SEMESTER-III** **2027** | **1 8** |

Total Time : 1 Hour 30 Minutes ] [ Total Marks : 35

## বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি / Multiple Choice Questions

### পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি / INSTRUCTIONS TO CANDIDATES:

1. OMR উত্তরপত্র পূরণ করার পূর্বে 2 নং পৃষ্ঠায় প্রদত্ত সকল নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়বে এবং ঐ অনুযায়ী কাজ করবে।

   Before filling the OMR Answer Sheet, read the instructions provided on Page 2 carefully and act accordingly.

2. উত্তর দেওয়ার পূর্বে OMR উত্তরপত্রে 1 নং পৃষ্ঠায় প্রদত্ত ক্রমিক সংখ্যা 1 থেকে 6 সতর্কভাবে পূরণ করবে (**1.** রেজিস্ট্রেশন নং, **2.** রোল নং, **3.** বিষয় কোড নং, **4.** প্রশ্ন পুস্তিকা সিরিজ, **5.** বিষয় এবং **6.** পরীক্ষার্থীর পূর্ণ স্বাক্ষর) এবং OMR উত্তরপত্রের শীর্ষে প্রদত্ত স্থানে প্রশ্ন–পুস্তিকা ক্রমসংখ্যা অবশ্যই পূরণ করবে। অন্যথায় OMR উত্তরপত্রের মূল্যায়ন হবে না এবং এর জন্য পরীক্ষার্থী সম্পূর্ণরূপে দায়ী থাকবে। **ক্রমিক সংখ্যা 7 এবং 8 কেবলমাত্র ইনভিজিলেটর পূরণ করবে।**

   Before answering fill in the Sl. Nos. from 1 to 6 given on Page 1 of the OMR Answer Sheet very carefully (**1.** Registration No., **2.** Roll No., **3.** Subject Code No., **4.** Question Booklet Series, **5.** Subject and **6.** Full Signature of the candidate), including the Question Booklet Serial No. ( Q. B. Sl. No. ) at the designated space at the top of the OMR Answer Sheet failing which, the OMR Answer Sheet will not be evaluated and the sole responsibility will go to the candidate. **Sl. Nos. 7 and 8 will be filled by the Invigilator only.**

| ভাষান্তর/Versions | পৃষ্ঠা থেকে/From Page | পৃষ্ঠা পর্যন্ত /To Page |
|---|---|---|
| বাংলা/Bengali | 3 | 18 |
| ইংরাজী/English | 19 | 34 |

**এই প্রশ্নপুস্তিকার পৃষ্ঠা সংখ্যা 2 এবং 36-এ মুদ্রিত অবশিষ্ট নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ো।**
**Read the rest of the instructions carefully printed on Page Nos. 2 and 36 of this Question Booklet.**

COMA.18.A-6001

COMA.18.A-6001

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে OMR উত্তরপত্রে উত্তর দাও।

1. Python-এ, নীচের কোন্‌টি একটি বৈধ Variable-এর উদাহরণ ?

(A) ab-1

(B) ab1_@

(C) ab_1

(D) 2ab

2. কোন্‌ Python collection-কে index দিয়ে access করা যায় না ?

(A) Dictionary

(B) List

(C) Tuple

(D) String

3. নীচের কোন্‌টি একটি relational operator নয় ?

(A) >=

(B) <=

(C) !=

(D) ||

4. Python operator precedence-এর তালিকা অনুযায়ী, নীচের কোন্ বিকল্পটি সঠিক ক্রমে সাজানো হয়েছে ?

(i) Unary plus এবং unary minus

(ii) Exponentiation

(iii) Addition এবং subtraction

(iv) Parentheses

বিকল্পসমূহ :

(A) (ii) → (iv) → (i) → (iii)

(B) (ii) → (i) → (iv) → (iii)

(C) (iv) → (i) → (ii) → (iii)

(D) (iv) → (ii) → (i) → (iii)

5.
```
x = [ 5, 7, 10 ]
print ( x [7] )
```

উপরিউক্ত Python code-এ .......... দেখা যাবে।

(A) Value error (B) Index error

(C) Key error (D) Type error

6. Python-এ code block নির্ধারণ করার জন্য কী ব্যবহার করা হয় ?

(A) Braces (B) Parentheses

(C) Indentation (D) Semicolon

7. Python-এ 'else' block কখন execute হয় ?

(A) যখন condition টি মিথ্যা হয়

(B) যখন condition টি সত্য হয়

(C) যখন loop শেষ হয়

(D) যখন পুনরায় loop শুরু হয়

8. Python-এর নিম্নলিখিত code টি লক্ষ্য করো :

```
a = 5
while a > -1 :
    print (a)
    a = a - 1
```

উপরিউক্ত code-এ কতগুলি সংখ্যা print হবে ?

(A) 5 (B) 6

(C) 0 (D) 4

9. Assertion (A) : range (5) 1 থেকে 5 পর্যন্ত সংখ্যা তৈরী করতে পারে।

Reason (R) : range (n) 0 থেকে শুরু হয় এবং ( n – 1 )–এ শেষ হয়।

উপরোক্ত Assertion (A) ও Reason (R) পড়ে সঠিক বিকল্পটি চয়ন করো :

(A) A এবং R উভয়ই সত্য এবং R, A–এর সঠিক ব্যাখ্যা

(B) A এবং R উভয়ই সত্য, কিন্তু R, A–এর সঠিক ব্যাখ্যা নয়

(C) A সত্য, কিন্তু R মিথ্যা

(D) A মিথ্যা, কিন্তু R সত্য

10. নিম্নলিখিত Python code টির output কী হবে ?

```
for i in range (3) :
  if i = = 1 :
    continue
  print (i)
```

(A) 0 1 2 (B) 1 2

(C) 0 2 (D) 0 1

1005000

11. স্তম্ভ-I-এর সাথে স্তম্ভ-II মেলাও ও সঠিক বিকল্পটি চয়ন করো :

| স্তম্ভ-I | স্তম্ভ-II |
|---|---|
| (i) Nested loop | P. Indefinite loop |
| (ii) For loop | Q. Definite loop |
| (iii) While loop | R. Loop-এর ভিতরে আরেকটি loop |
| (iv) Break | S. Termination of loop |

বিকল্পসমূহ :

(A) (i) → P, (ii) → Q, (iii) → R, (iv) → S

(B) (i) → P, (ii) → R, (iii) → Q, (iv) → S

(C) (i) → Q, (ii) → P, (iii) → R, (iv) → S

(D) (i) → R, (ii) → Q, (iii) → P, (iv) → S

12. নিম্নলিখিত Python code টির output কী হবে ?

```
text = "Python Program"
print ( text [ – 7 : ] )
```

(A) Program (B) Index error

(C) Python (D) Python Program

13. Python-এ split ( ) .............. return করে।

(A) List
(B) Tuple
(C) Set
(D) Dictionary

14. স্তম্ভ-I–এর সাথে স্তম্ভ-II মেলাও এবং সঠিক বিকল্পটি চয়ন করো :

| স্তম্ভ-I | স্তম্ভ-II |
|---|---|
| (i) strip ( ) | P. String-এর একটি নির্দিষ্ট অংশকে অন্য কোনো অংশ দিয়ে প্রতিস্থাপিত করে |
| (ii) replace ( ) | Q. String-টি একটি নির্দিষ্ট substring দিয়ে শুরু কিনা যাচাই করে |
| (iii) startswith ( ) | R. String-টি একটি নির্দিষ্ট substring দিয়ে শেষ কিনা যাচাই করে |
| (iv) endswith ( ) | S. String-এর শুরু ও শেষে থাকা ফাঁকা জায়গাগুলি সরিয়ে দেয় |

বিকল্পসমূহ :

(A) (i) → P, (ii) → S, (iii) → Q, (iv) → R

(B) (i) → S, (ii) → P, (iii) → R, (iv) → Q

(C) (i) → P, (ii) → S, (iii) → R, (iv) → Q

(D) (i) → S, (ii) → P, (iii) → Q, (iv) → R

15. Assertion (A) : Python-এ একটি single character-এর জন্য আলাদা কোনো data type নেই।

Reason (R) : Python-এ individual character গুলিকে string-এর length 1 হিসাবে উপস্থাপন করা হয়।

উপরিউক্ত Assertion (A) ও Reason (R) পড়ে সঠিক বিকল্পটি চয়ন করো :

(A) A এবং R উভয়ই সত্য এবং R, A-এর সঠিক ব্যাখ্যা

(B) A এবং R উভয়ই সত্য, কিন্তু R, A-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) A সত্য, কিন্তু R মিথ্যা

(D) A মিথ্যা, কিন্তু R সত্য

16. নিম্নলিখিত Python code টির output কী হবে ?

```
list1 = [ 1, 2, 3, 4, 5 ]
list1 . remove (4)
print ( list1 )
```

(A) [ 1, 2, 3, 4 ]

(B) [ 1, 2, 3, 5 ]

(C) [ 5 ]

(D) [ 4 ]

17. Python-এ একটি list-এর শেষ element টি access করতে নীচের কোন্‌টি ব্যবহৃত হয় ?

(A) list [ 0 ]
(B) list [ last ]
(C) list [ −1 ]
(D) list [ 1 ]

18. বিবৃতি I : extend ( ) method একটি list-এর সাথে অন্য list-এর একাধিক element যোগ করে।

বিবৃতি II : append ( ) method–এর দ্বারা একটি list-এর সাথে অন্য list-এর একাধিক উপাদান যোগ করা যায়।

উপরিউক্ত বিবৃতিদ্বয় পড়ে সঠিক বিকল্পটি চয়ন করো :

(A) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই সঠিক

(B) বিবৃতি I সঠিক, কিন্তু বিবৃতি II সঠিক নয়

(C) বিবৃতি I সঠিক নয়, কিন্তু বিবৃতি II সঠিক

(D) বিবৃতি I ও বিবৃতি II উভয়ই সঠিক নয়

19. যদি x = [ 8, 9, 10, 11, 12, 13, 14 ]

print ( x [ – 1 : 2 : – 1 ] )–এর output কী হবে ?

(A) [ 10, 11, 12, 13, 14 ]
(B) [ 14, 13, 12, 11, 10 ]
(C) Index error
(D) [ 14, 13, 12, 11 ]

20. Python-এ Math module ব্যবহার করে নিচের code টির output নির্ণয় করো :

```
import math
print math . ceil ( – 12·7 )
```

(A) – 12
(B) 12
(C) – 13
(D) 13

21. নিম্নলিখিত Python code টির output কী হবে ?

```
import statistics
print ( statistics . mean ( [ 2, 3, 6, 7, 8 ] ) )
```

(A) 6
(B) 5·2
(C) 26
(D) 5·0

22. ............ function-এর মাধ্যমে most frequent data-কে নির্ণয় করা যায়।

(A) mean ( )

(B) median ( )

(C) mode ( )

(D) frequency ( )

23. নিম্নলিখিত Python code টির output কী হবে ?

```
x = 5
def exam ( ) :
    global x
    x = 8
exam ( )
print ( x )
```

(A) 8 8

(B) 5

(C) Error

(D) 8

24. Assertion (A) : একটি function-এ required parameter এবং default parameter উভয়ই থাকতে পারে।

Reason (R) : Function definition-এ default parameter-এর আগে required parameter লিখতে হয়।

উপরিউক্ত Assertion (A) ও Reason (R) পড়ে সঠিক বিকল্পটি চয়ন করো :

(A) A এবং R উভয়ই সঠিক এবং R, A-এর সঠিক ব্যাখ্যা

(B) A এবং R উভয়ই সঠিক কিন্তু R, A-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) A সত্য, কিন্তু R মিথ্যা

(D) A মিথ্যা, কিন্তু R সত্য

25. Python-এ কোনো function-কে define করতে কোন্ keyword ব্যবহার করা হয় ?

(A) def (B) declare

(C) define (D) func

26. স্তম্ভ-I এবং স্তম্ভ-II মেলাও ও সঠিক বিকল্পটি চয়ন করো :

| স্তম্ভ-I | স্তম্ভ-II |
|---|---|
| (i) E-commerce | P. Amazon |
| (ii) বহুজাতিক সংস্থা | Q. Book My Show |
| (iii) Cricket match-এর টিকিট | R. Google Pay |
| (iv) Online Payment | S. Electronic commerce |

বিকল্পসমূহ :

(A) (i) → P, (ii) → Q, (iii) → S, (iv) → R

(B) (i) → R, (ii) → S, (iii) → P, (iv) → Q

(C) (i) → S, (ii) → P, (iii) → Q, (iv) → R

(D) (i) → S, (ii) → R, (iii) → P, (iv) → Q

27. ............ হলো এমন একটি E-commerce model যেখানে ব্যবসায়ীরা সরাসরি consumer-দের কাছে পণ্য বা পরিষেবা বিক্রি করে।

(A) B2B (B) B2C

(C) C2C (D) C2G

28. B2C model-এর প্রধান ঝুঁকি হলো

(A) জটিল Web technology

(B) গ্রাহকদের ব্যক্তিগত তথ্য প্রকাশের ঝুঁকি

(C) অধিক customization

(D) এগুলির সবকটি

29. বিবৃতি-I : Intranet হলো কোনো সংস্থার অভ্যন্তরীণ network.

বিবৃতি-II : Intranet-এর সাহায্যে ব্যবসার বিস্তার বিশ্বব্যাপী করা যায়।

উপরিউক্ত বিবৃতিদ্বয় পড়ে সঠিক বিকল্পটি চয়ন করো :

(A) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই সঠিক

(B) বিবৃতি I সঠিক নয়, কিন্তু বিবৃতি II সঠিক

(C) বিবৃতি I সঠিক, কিন্তু বিবৃতি II সঠিক নয়

(D) বিবৃতি I এবং II বিবৃতি উভয়ই সঠিক নয়

30. ............. হলো এক ধরনের contactless payment -এর technology.

(A) UPI

(B) RFID

(C) ACH

(D) RTGS

31. নিম্নলিখিত কোন্‌টি একটি payment gateway নয় ?

(A) PayPal

(B) Razorpay

(C) Gmail

(D) CCAvenue

32. CBDC-এর পূর্ণরূপটি হলো

(A) Commercial Bank Deposit Creation

(B) Central Bank Deposit Creation

(C) Central Bank Disbursement Committee

(D) Central Bank Digital Currency

33. নিম্নলিখিত কোন্‌টি একটি Internet Marketing-এর কৌশল নয় ?

(A) In-house marketing

(B) Search engine optimization

(C) Social media marketing

(D) Video marketing

34. নিম্নলিখিত কোন্‌টি paperless bill সম্পর্কে সঠিক নয় ?

(A) Paper ও printing-এর খরচ নেই

(B) দ্রুত consumer-কে E-bill প্রেরণ করা যায়

(C) এটি একটি পরিবেশবান্ধব পদ্ধতি

(D) Company-কে সরাসরি payment করা যায় না

35. …………… বলতে blog অথবা video-এর মাধ্যমে website-এ বিজ্ঞাপন প্রদর্শনের মাধ্যমে পণ্যের প্রচার করাকে বোঝায়।

(A) Influencer marketing

(B) Affiliate marketing

(C) Affluent marketing

(D) Adjustment marketing